



রাজশাহী বিশ্ববিদ্যালয়

ইউনিট: A (কলা, আইন, সামাজিক বিজ্ঞান ও চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)

১ম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষা ২০২০-২০২১

নোটিশ

A ইউনিটের (কলা, আইন, সামাজিক বিজ্ঞান, চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট) ২০২০-২০২১ শিক্ষাবর্ষের বিএ, এলএলবি, বিএসএস, বিপিএ, বিএফএ এবং বিএড স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের মেধা অনুসারে অপেক্ষমান তালিকা থেকে নবম মেধা তালিকা, ইংরেজী বিষয়ে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের অপেক্ষমান তালিকা থেকে অষ্টম মেধা তালিকা, চারুকলা অনুষদের উত্তীর্ণ পরীক্ষার্থীদের মধ্য থেকে ব্যবহারিক পরীক্ষার পর অপেক্ষমান তালিকা থেকে অষ্টম মেধা তালিকা, ক্ষুদ্র নৃগোষ্ঠী কোটা ও মুক্তিযোদ্ধা কোটায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের দ্বিতীয় মেধা তালিকায় নির্বাচিত পরীক্ষার্থীদের তাদের রোল নম্বরের পাশে উল্লেখিত বিভাগে ভর্তির জন্য চূড়ান্তভাবে মনোনয়ন দেয়া হলো। মনোনীত পরীক্ষার্থীদেরকে আগামী ১৯ ও ২০ ডিসেম্বর ২০২১ সকাল ১০ টা থেকে বিকেল ৪টার মধ্যে কলা অনুষদভুক্ত বিভাগসমূহের জন্য কলা অনুষদ অফিসে, সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত বিভাগসমূহের জন্য সামাজিক বিজ্ঞান অনুষদ অফিসে, চারুকলা অনুষদভুক্ত বিভাগসমূহের জন্য চারুকলা অনুষদ অফিসে এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের জন্য ইনস্টিটিউট অফিসে উপস্থিত হয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে না পারলে A ইউনিটে তাদের ভর্তির মনোনয়ন চূড়ান্তভাবে বাতিল বলে গণ্য হবে। ভর্তিকৃত শিক্ষার্থীদের মাইগ্রেশন সম্পন্ন করা হলো। উল্লেখ্য অটো-মাইগ্রেশন বন্ধ করতে আগ্রহী শিক্ষার্থীদের কলা অনুষদ অফিসে আবেদন পত্র জমা দিতে হবে।


উল্লেখ্য যে, ভর্তি হওয়া ছাত্র/ছাত্রীদের মেধা ও বিভাগ পছন্দের ক্রম অনুসারে স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন করা হবে। তবে ইংরেজি বিভাগে ভর্তিকৃত শিক্ষার্থীরা এই অটো মাইগ্রেশন-এর আওতায় আসবে না। স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তিত তালিকা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (admission.ru.ac.bd) প্রকাশ করা হবে।

ভর্তির জন্য নির্বাচিত পরীক্ষার্থী ছাড়াও এতদসঙ্গে বিষয়ভিত্তিক অপেক্ষমান তালিকা প্রকাশ করা হলো। আসন ফাঁকা থাকা সাপেক্ষে এই অপেক্ষমান তালিকা থেকে মেধানুসারে পর্যায়ক্রমে ভর্তির জন্য প্রার্থী নির্বাচন করা হবে এবং নির্বাচিত তালিকা রাজশাহী বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (admission.ru.ac.bd) আগামী ২১.১২.২০২১ তারিখে প্রকাশ করা হবে।

ভর্তি সংক্রান্ত তথ্যাবলী নিম্নরূপ:

- ১। অনলাইনে <http://admission.ru.ac.bd>-তে ১৯ ও ২০ ডিসেম্বর ২০২১ বিকেল ৩টার মধ্যে ভর্তি ফরম পূরণ করতে হবে। পরীক্ষার্থীদের নিজে অনলাইনে পূরণকৃত ফরমটি অফসেট কাগজে তিন কপি প্রিন্ট নিয়ে স্বাক্ষর করে A4 সাইজের খামে পরীক্ষার্থীর নাম, বিভাগের নাম, রোল নম্বর লিখে অনুষদ অফিসে জমা দিতে হবে।
- ২। ওয়েবপেজে প্রদত্ত পদ্ধতিতে ভর্তি বাবদ প্রয়োজনীয় টাকা জমা দিতে হবে। [ভর্তি ফি জমা দেয়ার বিস্তারিত পদ্ধতি <http://admission.ru.ac.bd> ও online admission guideline থেকে জানা যাবে]
- ৩। ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, এস.এস.সি./সম্মান ও এইচ.এস.সি./সম্মান পরীক্ষার মূল মার্কশীট এবং এইচ.এস.সি./সম্মান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড জমা দিতে হবে।
- ৪। কাগজপত্র সন্তোষজনক হলে স্বাক্ষরিত ভর্তি ফরমের দুই কপি, এস.এস.সি ও এইচ.এস.সি মূল মার্কশীট, এইচ.এস.সি./সম্মান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড, ভর্তি পরীক্ষার প্রবেশপত্র এবং অনুষদ উন্নয়ন ফি বাবদ ১,৭০০.০০ (এক হাজার সাতশত) টাকা স্ব-স্ব অনুষদ অফিসের একাউন্টে জমা দিতে হবে।

প্রকাশিত ফলাফলে কোন প্রকার ভুল-ত্রুটি/অসঙ্গতি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের থাকবে।


২০.১২.২১

(প্রফেসর ড. মো. ফজলুল হক)

ডীন, কলা অনুষদ

ও

চীফ কো-অর্ডিনেটর

ইউনিট : A

১ম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষা, ২০২০-২০২১

রাজশাহী বিশ্ববিদ্যালয়।